সংবাদ

তারিখ ... 19 MAR 2017
পৃষ্ঠা ...১৯... কলাম ...২...

# ২৫০০ শিক্ষার্থী পেল টিফিন বক্স

প্রতিনিধি, গফরগাঁও (ময়মনসিংহ)

গফরগাঁও

ময়মনসিংহের গফরগাঁও উপজেলার লংগাইর ইউনিয়নের ১৮টি প্রাথমিক বিদ্যালয়ের আড়াই হাজার শিক্ষার্থীর মাঝে টিফিন বক্স বিতরণ করা হয়। গত বৃহস্পতিবার দুপুরে মাইজবাড়ি হাতেমতাই উচ্চ বিদ্যালয় মাঠে লংগাইর ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে টিফিন বক্স বিতরণ করা হয়। এর আগে 'খোকা থেকে বঙ্গবন্ধু' শীর্ষক আলোচনা সভা ও শিশু সমাবেশের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন সহকারী কমিশনার (ভূমি) শেখ শামছুল আরেফীন। লংগাইর ইউপি চেয়ারম্যান ও গফরগাঁও প্রেসক্লাবের সাবেক সভাপতি সাংবাদিক আবদুল্লাহ আল আমিন বিপ্লবের সভাপতিত্বে অন্যদের মধ্যে রাখেন সহকারী শিক্ষা কর্মকর্তা নূরুল আমিন, প্রেসক্লাব সভাপতি আতাউর রহমান মিন্টু, আ.লীগ নেতা নিজাম উদ্দিন সর্দার, ওয়াহেদুর রহমান বাদল, শিক্ষক নেতা রফিকুল ইসলাম, শিক্ষক দিদারুল আলম, শিক্ষক আতাউর রহমান, ইউপি সদস্য রেহনুমা তারান্নুম দিতি, মাহবুবুল আলম, জহিরুল হক, মকবুল হোসেন, শিশু শিক্ষার্থী তাসলিম সুলতানা মুন্নি প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন শিক্ষক আজহারুল ইসলাম। লংগাইর ইউপি চেয়ারম্যান আবদল্লাহ আল আমিন বিপ্লব বলেন, ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়সমূহে মিড-ডে মিল চালু করার লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবসকে সামনে রেখে লোকাল গর্ভমেন্ট সাপোর্ট প্রজেক্টের (এলজিএসপি) অর্থায়নে শিশুদের মধ্যে টিফিন বক্স বিতরণ করা হয়েছে।